সমকাল

তারিখ 28 MAY 2016
পৃষ্ঠা ... কলাম ...



শুক্রবার রাজধানীর ইস্টার্ন ইউনিভার্সিটিতে অতিথিদের সঙ্গে বিতার্কিকরা ■ সমকাল

# রাজবাড়ী সরকারি উচ্চ বিদ্যালয় ঢাকায় সেরা

## ৪র্থ জাতীয় স্কুল বিজ্ঞান বিতর্ক প্রতিযোগিতা

■ সমকাল প্রতিবেদক

বাংলাদেশ ফ্রিডম ফাউন্ডেশন (বিএফএফ) সমকাল চতুর্থ জাতীয় স্কুল বিজ্ঞান বিতর্ক প্রতিযোগিতায় ঢাকা অঞ্চলে চ্যাম্পিয়ন হয়েছে রাজবাড়ী সরকারি উচ্চ বিদ্যালয়ের বিতার্কিক দল। রানার্সআপ হয়েছে চাঁদপুর মাতৃপীঠ সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়। গতকাল শুক্রবার রাজধানীর ধানমণ্ডির ইস্টার্ন ইউনিভার্সিটি ক্যাম্পাসে ঢাকা অঞ্চলের এ চূড়ান্ত প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়।

সকালে প্রতিযোগিতার উদ্বোধন অনুষ্ঠানে অতিথি হিসেবে বক্তব্য রাখেন বিএফএফের নির্বাহী পরিচালক সাজ্জাদুর রহমান চৌধুরী, সমকালের সহযোগী সম্পাদক সবুজ ইউনুস, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় ডিবেট অর্গানাইজেশনের সাবেক সভাপতি ও প্রতিযোগিতার প্রধান বিচারক আবদুল্লাহ আহমেদ চৌধুরী মামুন প্রমুখ।

সভাপতিত্ব করেন সমকাল সুহৃদ সমাবেশের বিভাগীয় সম্পাদক সিরাজুল ইসলাম আবেদ। সঞ্চালক হিসেবে ছিলেন স্কুল বিজ্ঞান বিতর্কের মডারেটর হাসান জাকির।

অনুষ্ঠানে সাজ্জাদুর রহমান চৌধুরী বলেন, যুক্তি-তর্ক ও বিজ্ঞানমুখী চেতনা নিয়ে ভবিষ্যতের বাংলাদেশ পরিচালনার উপযোগী নেতৃত্ব তৈরির উদ্দেশ্যে বিজ্ঞান বিতর্কের এ আয়োজন। প্রতিটি স্কুলের দায়িত্ব ছিল এ ধরনের বিতর্কের আয়োজন করা। তবে আমাদের সমাজে এখনও সেটা হয়ে ওঠেনি। এ জন্য এগিয়ে এসেছে বিএফএফ-সমকাল।

সবুজ ইউনুস বলেন, সামাজিক নানা বাস্তবতায় মানুষের মধ্যে পিছু হটার মানসিকতা তৈরি হয়েছে। এ থেকে বেরিয়ে আসতে উদার-প্রগতিশীল-গণতান্ত্রিক সমাজের চেতনা সর্বত্র ছড়িয়ে দিতে হবে। বিজ্ঞান বিতর্ক নিঃসন্দেহে এ প্রচেষ্টার একটি অনুঘটক হিসেবে কাজ করবে।

আবদুল্লাহ আহমেদ চৌধুরী মামুন বলেন, স্কুলগুলোই দেশে এখনও বিতর্ক চর্চার সুতিকাগার। স্কুল পর্যায়ে বিজ্ঞান বিতর্কের ধারাবাহিক এ আয়োজন বিশ্ববিদ্যালয় পর্যায়ে বিতার্কিক তৈরির ক্ষেত্রে নতুন জাগরণ তৈরি করেছে।

বিকেলে প্রতিযোগিতার সমাপনী অনুষ্ঠানে বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দেওয়া হয়।

গতকাল ঢাকা অঞ্চলের চূড়ান্ত পর্বে অংশগ্রহণকারী অন্য দলগুলো হলো– মুন্সীগঞ্জের বজ্রযোগিনী জেকে উচ্চ বিদ্যালয়, ফরিদপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, শরীয়তপুরের আংগারিয়া উচ্চ বিদ্যালয়, মানিকগঞ্জের এসকে সরকারি বালিকা উচ্চ ■ পৃষ্ঠা ১৩ : কলাম ৮

## রাজবাড়ী সরকারি

[১৯ পৃষ্ঠার পর]

বিদ্যালয় ও গোপালগঞ্জ আইডিয়াল একাডেমি।

বিএফএফ ও সমকালের উদ্যোগে স্কুল পর্যায়ের খুদে শিক্ষার্থীদের বিজ্ঞান শিক্ষার প্রতি আরও আগ্রহী করে গড়ে তুলতে এ বিতর্ক প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। এর আয়োজক সমকাল সুহৃদ সমাবেশ। সহযোগিতায় রয়েছে বসুন্ধরা খাতা, এসিআই পিওর সল্ট, আগামী, বঙ্গজ গ্রান্ড চয়েজ সল্টেড বিস্কুট ও শেলটেক। ব্যবস্থাপনায় রয়েছে কিংবদন্তী মিডিয়া।